

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৭০

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮০. নাবী (ﷺ)-সিজদা হতে) মাথা উঠিয়ে যতটুকু সময় অপেক্ষা করতেন, এর পরিমাণ

بَابْ قَدْرُ كَمْ كَانَ يَمْكُثُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَ مَا يَرْفَعُ رَأْسَهُ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ هِلَالِ بْنِ حُمَيْدٍ الْوَزَانِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ الْبَرَاءِ قَالَ رَمَقْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاتِهِ فَوَجَدْتُ قِيَامَهُ وَرَكْعَتَهُ وَاعْتِدَالَهُ بَعْدَ الرَّكْعَةِ فَسَجَدْتَهُ فَجَلَسْتَهُ فَجَلَسْتَهُ بَيْنَ السَّجَدَتَيْنِ فَسَجَدْتَهُ فَجَلَسْتَهُ بَيْنَ التَّسْلِيمِ وَالْاِنْصِرَافِ قَرِيبًا مِنْ السَّوَاءِ قَالَ أَبُو مُحَمَّدٍ هِلَالُ بْنُ حُمَيْدٍ أَرَى أَبُو حُمَيْدٍ الْوَزَانُ

বাংলা

১৩৭০. বারাআ রাত্তিয়াল্লাহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত পর্যবেক্ষণ করেছি। অতএব, তাঁর কিয়াম (সালাতে দাঁড়ানো), রুকু', রুকু' হতে সোজা হয়ে দাঁড়ানোর অবস্থা, এরপর তাঁর সাজদা ও উভয় সিজদার মধ্যবর্তী বসা, অতঃপর তাঁর (দ্বিতীয়) সাজদা এবং সালাম ও (মুসল্লীদের দিকে) ফিরে বসার মধ্যবর্তী সময় - এ সবগুলোকেই প্রায় সমান পেয়েছি।^[1] আবু মুহাম্মদ বলেন, হিলাল ইবনু হুমাইদ হলেন আবু হুমাইদ আল ওয়ায়াফান।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৪৭১; এটি পূর্বের হাদিসটির পুনরাবৃত্তি। তাই পূর্ণ তাখরীজ সেখানে দেখুন।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ বারাআ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81653>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন